মুজিবনগরে মোটরসাইকেল চুরির সময় চোর আটক

মুজিবনগরের মোনাখালি গ্রামের মনিরুল ইসলামের এপাচি আরটিআর মোটরসাইকেল চুরি করার সময় হাতেনাতে সাগর আহমেদ মিলু (২৮) নামের এক চোরকে আটক করা হয়েছে।

বুধবার বিকেলে মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামের চারা তলার মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত চোর সাগর আহমেদ (মিলু) চুয়াডাঙ্গা জেলার দামুড়াহুদা থানার ইব্রাহিমপুর গ্রামের আজিজুল হকের ছেলে। বর্তমানে মিলু দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার ভূমিহীন পাড়ায় বসবাস করে।

মটরসাইকেল মালিক মোনাখালি গ্রামের খেদের আলির ছেলে মনিরুল ইসলাম জনান, তিনি বুধবার বিকেলে গ্রামের চারা তলার মাঠে নিজের লিচু বাগানে মোটরসাইকেল রেখে পাশের জমিতে কাজ করছিলেন। কাজ শেষে এসে দেখেন মোটরসাইকেল নেই তিনি মটরসাইকেল টি খুজতে খুজতে রাস্তায় উঠে দেখতে পান একটি লোক তার গাড়ি ঠেলতে ঠেলতে আশরাফপুরের দিকে যাচ্ছে। এ সময় তিনি দৌড়ে তাকে থামতে বলে।

এ সময় গাড়ি চোর গাড়ি ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে আমার চিৎকারে আশেপাশের লোকজন তাকে ধরে ফেলে। পরে মুজিবনগর থানায় খবর দিলে পুলিশ এসে তাকে আটক করে মুজিবনগর থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদী রাসেল বিষয়টি নিশ্চিত করে বলেন, মোটরসাইকেল চুরির সময় আটককৃত চোর কে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে এবং তার বিরুদ্ধে চুরির মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।